

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৪৬১

পর্ব-১০: আল্লাহ তা'আলার নামসমূহ (كتاب أسماء الله تعالى)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - আশ্রয় প্রার্থনা করা

بَابُ الْإِسْتِعَادَةِ

আরবী

وَعَنْ عَبْدِ بْنِ عُمَرَ قَالَ: كَانَ مِنْ دُعَاءِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنْ زَوَالِ نِعْمَتِكَ وَتَحْوُلِ عَافِيَتِكَ وَفُجَاءَةِ نِقْمَتِكَ وَجَمِيعِ سَخَطِكَ». رَوَاهُ مُسْلِمٌ

বাংলা

২৪৬১-[৫] 'আবদুল্লাহ ইবনু 'উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর দু'আগুলোর মধ্যে এটা ও ছিল, 'আল্ল-হুম্মা ইন্নী আ'উয়ুবিকা মিন্যাওয়া-লি নি'মাতিকা ওয়া তাহাওউলি 'আ-ফিয়াতিকা ওয়া ফুজা-আতি নিকমাতিকা ওয়া জামী'ই সাখাত্তিকা" (অর্থাৎ- হে আল্লাহ! আমি তোমার কাছে আশ্রয় চাই [আমার ওপর] তোমার নিয়ামতের ঘাটতি, [আমার ওপর হতে] তোমার নিরাপত্তার ধারাবাহিকতা, [আমার ওপর] তোমার শাস্তির অক্ষম্য আক্রমণ এবং তোমার সমস্ত অসন্তুষ্ট হতে।)। (মুসলিম)[১]

ফুটনেট

[1] সহীহ : মুসলিম ২৭৩৯, আবু দাউদ ১৫৪৫, মু'জামুল আওসাত লিত্ব ত্বারানী ৩৫৮৮, মুসতাদারাক লিল হাকিম ১৯৪৬, শু'আবুল সৈমান ৪২২৪, সহীহ আল জামি' ১২৯১।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে বান্দার ওপর আল্লাহর দেয়া দীনী ও পার্থিব অনুগ্রহ যেগুলো আখিরাতের কাজের জন্য উপকারী এবং সেগুলোর পরিবর্তে ভাল কিছু দেয়া ছাড়া তা উঠিয়ে নেয়া থেকে আশ্রয় চাওয়ার কথা বলা হয়েছে। এ অনুগ্রহ প্রকাশ্য বা অপ্রকাশ্য হতে পারে। ইমাম শাওকানী (রহঃ) বলেছেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর অনুগ্রহ চলে যাওয়া থেকে আশ্রয় চেয়েছেন এজন্য যে, এরপ অবস্থা তখনই হয় যখন বান্দা নিয়ামতের শুকরিয়া আদায় করে না এবং যে কাজ করলে নিয়ামত আসে তার চর্চা করে না। (এটা খুবই খারাপ

অবস্থা ।)

(تَحْوِلْ عَافِيَّةً) — এর অর্থ হলো- কান, চোখসহ সমস্ত অঙ্গ-প্রত্যঙ্গের সুস্থিতা চলে গিয়ে সেগুলো অসুস্থ হয়ে যাওয়া ।

হঠাতে শান্তি বলতে এমন অবস্থায় শান্তি আসা যে, যার ওপর শান্তি আসছে সে শান্তি আসার পূর্বে জানছে না যে, তার ওপর শান্তি আসছে । এখানে শান্তি বলতে সাধারণভাবে আল্লাহর অসন্তোষ ও শান্তি বুরানো হলেও বিশেষভাবে ‘হঠাতে শান্তি’ শব্দের উল্লেখের মাধ্যমে এটা বুরানো হচ্ছে যে, ধীরে ধীরে শান্তি আসার থেকে হঠাতে শান্তি চলে আসা বেশি বিপজ্জনক ।

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হঠাতে শান্তি থেকে এজন্য আশ্রয় চেয়েছেন যে, শান্তি হঠাতে চলে আসলে সে ব্যক্তি তাওবাহ্ করার কোন সুযোগ পায় না । আল্লাহ যখন কোন বান্দা থেকে প্রতিশোধ গ্রহণ করতে চান তখন তিনি ঐ বান্দার ওপর এমন শান্তি দেন যা প্রতিরোধ করার কোন ক্ষমতা কারো থাকে না । এমনকি সারা দুনিয়ার সমস্ত সৃষ্টি মিলে চেষ্টা করলেও তা প্রতিরোধ করতে পারবে না । যেমন কথা সহীহ হাদিসে বর্ণিত হয়েছে ।

আল্লাহর রাগ থেকে আশ্রয় চাওয়ার মাধ্যমে ঐ সমস্ত কাজ থেকে আশ্রয় চাওয়ার কথা বলা হয়েছে যেগুলো আল্লাহর রাগের কারণ হয় । এর দ্বারা উদ্দেশ্য হলো, আল্লাহর রাগের প্রভাব থেকে আশ্রয় চাওয়া । নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আল্লাহর রাগ থেকে এজন্য আশ্রয় চেয়েছেন যে, আল্লাহ সুবহানাল্লু ওয়াতা‘আলা যখন কোন বান্দার ওপর রাগান্বিত হন তখন ঐ বান্দার ধ্বংস অনিবার্য । যদিও তা কোন তুচ্ছ বিষয়ে অথবা কোন ছোট কারণে হয়ে থাকে ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

❖ Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=57021>

❖ হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন